

বিচারপতি মোঃ নজরুল ইসলাম তালুকদার
বিচারক, হাইকোর্ট বিভাগ
ও
কমিশনের সদস্য



বিচারপতি জনাব মোঃ নজরুল ইসলাম তালুকদার ০১.১২.১৯৬৪ খ্রিঃ তারিখ ঠাকুরগাঁও জেলার হরিপুর থানার অন্তর্গত মলানী (তালুকদার পাড়া) গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা হাজী মোঃ সজিব উদ্দিন তালুকদার এবং মাতা সহিদন বিবি। তিনি ১৯৮১ খ্রিষ্টাব্দে মথুরাপুর পাবলিক হাইস্কুল হতে এস.এস.সি এবং ১৯৮৩ খ্রিষ্টাব্দে ঠাকুরগাঁও সরকারী কলেজ হতে এইচ.এস.সি পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ হন। তিনি ১৯৮৮ খ্রিষ্টাব্দে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগ হতে এলএল.বি (অনার্স) এবং ১৯৮৯ খ্রিষ্টাব্দে এলএল.এম ডিগ্রী অর্জন করেন। জনাব তালুকদার ১৯৯১ খ্রিষ্টাব্দে বাংলাদেশ বার কাউন্সিলের আইনজীবী হিসেবে তালিকাভুক্ত হন এবং ঠাকুরগাঁও জেলা আইনজীবী সমিতিতে যোগদান করেন। তিনি সিনিয়র আইনজীবী জনাব মোঃ নূরুল হক এর জুনিয়র হিসাবে আইন পেশা শুরু করেন এবং তাঁকে বিভিন্ন কোর্টে দেওয়ানী ও ফৌজদারী মামলায় সহযোগিতা করেন। তিনি সিনিয়রের অধীনে অত্যন্ত সুনামের সঙ্গে ১৯৯১ হতে ১৯৯২ খ্রিষ্টাব্দ পর্যন্ত ঠাকুরগাঁও জেলার বিভিন্ন কোর্টে আইন পেশায় নিয়োজিত ছিলেন।

জনাব তালুকদার ১৯৯৩ খ্রিষ্টাব্দে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে আইনজীবী হিসেবে তালিকাভুক্ত হন। হাইকোর্ট বিভাগে তালিকাভুক্তির পর তিনি বাংলাদেশ সুপ্রীম কোর্টের সিনিয়র আইনজীবী জনাব আব্দুল বাসেত মজুমদারের জুনিয়র হিসাবে কাজ শুরু করেন এবং সুনামের সাথে হাইকোর্ট বিভাগের বিভিন্ন বেঞ্চের মামলার শুনানী পরিচালনা করেন। ২০০৮ খ্রিষ্টাব্দে তিনি আপীল বিভাগের আইনজীবী হিসাবে তালিকাভুক্ত হন এবং বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগে অনেক গুরুত্বপূর্ণ মামলার শুনানীতে অংশগ্রহণ করেন।

জনাব তালুকদার সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতির কার্যকরী কমিটির নির্বাহী সদস্য পদে ১৯৯৯-২০০০ খ্রিষ্টাব্দে বিপুল ভোটে নির্বাচিত হন। তিনি ২০০২-২০০৩ খ্রিষ্টাব্দে সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতির কার্যকরী কমিটির সহ-সাধারণ সম্পাদক পদে বিপুল ভোটে নির্বাচিত হন। তিনি ২০০৭ খ্রিষ্টাব্দে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ল এলামনাই এসোসিয়েশনের প্রথম নির্বাচিত সভাপতি ছিলেন।

জনাব তালুকদার ২০০৯ খ্রিষ্টাব্দে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডেপুটি অ্যাটর্নি-জেনারেল হিসাবে নিয়োগ পান এবং সুপ্রীম কোর্টের হাইকোর্ট ও আপীল বিভাগে অত্যন্ত গুরুত্বপূর্ণ মামলাসমূহ সুনামের সাথে পরিচালনা করেন। ডেপুটি অ্যাটর্নি-জেনারেল হিসাবে কর্মরত থাকাকালে তিনি Trans-Border Money Laundering বিষয়ে প্রশিক্ষণের জন্য অস্ট্রেলিয়ার Wollongong University তে গমন করেন এবং মাসব্যাপী প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

জনাব তালুকদার ২০১০ খ্রিষ্টাব্দে সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারপতি হিসেবে নিয়োগপ্রাপ্ত হন এবং ২০১২ খ্রিষ্টাব্দে হাইকোর্ট বিভাগের স্থায়ী বিচারপতি হিসাবে শপথ গ্রহণ করেন। বিচারপতি হিসাবে তিনি অনেক গুরুত্বপূর্ণ মামলায় রায় প্রদান করেছেন। তন্মধ্যে পিলখানা বিডিআর হত্যা মামলা অন্যতম। বিডিআর হত্যা মামলাটি আসামীর সংখ্যা, স্বাক্ষীর সংখ্যা ও নথিপত্রের বিশালতা বিবেচনায় বিশ্বের সর্ববৃহৎ ফৌজদারী মামলা। তিনি ২০১৮ খ্রিষ্টাব্দের এপ্রিল মাসে অষ্ট্রিয়ার রাজধানী ভিয়েনাতে জাতিসংঘ ভবনে United Nations Office on Drugs and Crime কর্তৃক আয়োজিত “Launching Event of the Global Judicial Integrity Network, a platform to assist judiciaries in strengthening judicial integrity and preventing corruption within the Judicial System” বিষয়ে এক সেমিনারে যোগদান করেন এবং বাংলাদেশের প্রতিনিধিত্ব করেন। ২০১৮ খ্রিষ্টাব্দে জনাব তালুকদার শ্রীলঙ্কায় Exposure visit Programme of the Supreme Court Special Committee on Child Rights বিষয়ক সেমিনারে অংশগ্রহণ করেন। তিনি Supreme Court Special Committee on Child Rights এবং GA (General Administration) কমিটির সদস্য হিসাবে ২৯.১০.২০১৮ হতে ০৮.০১.২০২২ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেন। তিনি ০৪.১০.২০২০ খ্রিঃ তারিখ হতে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশনের সদস্য হিসাবে দায়িত্ব পালন করছেন।

জনাব তালুকদার ইতোমধ্যে বিভিন্ন দেশে আইন বিষয়ক কর্মশালায় অংশগ্রহণ করেছেন এবং ভারত, মিশর, লিবিয়া, কাতার, অস্ট্রেলিয়া, থাইল্যান্ড, মালয়েশিয়া, শ্রীলঙ্কা, সিঙ্গাপুর, অস্ট্রিয়া, ফ্রান্স, জার্মানি, তুরস্ক, সৌদি আরব এবং যুক্তরাজ্য ভ্রমণ করেন।

তঁার সহধর্মীনি শাহনাজ বাবলী বাংলাদেশ সুপ্রীম কোর্টের একজন আইনজীবী। তিনি Bangladesh Legal Aid and Services Trust (BLAST) এর সহকারী পরিচালক হিসেবে দীর্ঘদিন কর্মরত ছিলেন এবং আইন ও মানবাধিকার বিষয়ে কাজ করেন। বিচারপতি জনাব মোঃ নজরুল ইসলাম তালুকদার ৩ সন্তানের জনক।